



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(স্থানীয় সরকার শাখা)
[\(www.pirojpur.gov.bd\)](http://www.pirojpur.gov.bd)



নম্বর-০৫.১০.৭৯০০.০০৯.০৯.০১১.১৮-৮৬৬

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের, ইউপি-২ শাখার গত ২৯ জুলাই ২০২০ তারিখের ৪৬.০১৭.০১১.০০.০০১.২০১(অংশ-১)২৮৫ নম্বর স্মারকে নিয়োগ সংক্রান্ত ছাড়পত্র এবং ‘স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১’ (সংশোধন-২০১৬) অনুযায়ী পিরোজপুর জেলায় ইউনিয়ন পরিষদ সচিবের শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদের	বেতন ক্ষেত্র	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ইউনিয়ন পরিষদ সচিব	০৫ (পাঁচটি) (পদ সংখ্যা কম-বেশি হতে পারে)	১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্ত হবেন)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যুন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিপ্লি

শর্তাবলী:

- ১। প্রার্থীকে জনসুন্দরো বাংলাদেশের নাগরিক ও পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;
- ২। আগ্রহীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রি তারিখের ০৫.১০.০০০০.০০.০০.০৮.১৪-০১ নম্বর স্মারকে
জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকুরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে স্বত্ত্বে পূরণপূর্বক জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর
আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd বা জেলা প্রশাসক, পিরোজপুর
এর ওয়েবসাইট www.pirojpur.gov.bd থেকে পাওয়া যাবে অথবা জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর এর স্থানীয় সরকার
(এল.জি.) শাখা থেকে সংগ্রহ করা যাবে;
- ৩। আবেদনপত্র আগামী ২০-০৯-২০২০ খ্রি তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, পিরোজপুর বরাবর সরকারি
ভাক্যযোগে পৌছাতে হবে। অসম্পূর্ণ, তুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে;
- ৪। প্রার্থীর বয়স ২০-০৯-২০২০ খ্রি তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও
শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিখিলয়োগ্য হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে
না;
- ৫। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে
প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে নাম লিখতে হবে;
- ৬। আবেদন পত্রের সাথে পরীক্ষার ফি বাবদ তফসিলি ব্যাংকের যেকোন শাখা হতে জেলা প্রশাসক, পিরোজপুর এর অনুকূলে ৩০০/-
(তিনিশত) টাকার অফেরণ্যোগ্য পে-অর্ডার দাখিল করতে হবে;
- ৭। খামের উপর প্রার্থীকে পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে;
- ৮। প্রার্থীর নাম ও যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক তা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫
× ৪.৫ ইঞ্জি বিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;
- ৯। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে
আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না;
- ১০। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত কোটা/ বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;
- ১১। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে কোনপকার টিএ/ডিএ প্রদান
করা হবে না;
- ১২। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায়
অংশগ্রহণ করতে পারবেন;

১৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরম উল্লেখিত সকল তথ্যের অনুকূলে মূলসনদসমূহ সচিব, ইউপি সচিব বাছাই কমিটি, পিরোজপুর বরাবর দাখিল করতে হবে;


১৪। ভুল তথ্য প্রদান বা তথ্য গোপন করা হলে কিংবা তথ্যের সম্পর্কে যথাযথ প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং যে কোন সময় এ কারণে নিয়োগ বাতিল করা হবে;

১৫। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হাস/বৃদ্ধি করতে পারবেন;

১৬। চূড়ান্তভাবে বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ডেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিতই তার নিয়োগ বাতিল করা হবে;

১৭। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


২৬/০৮/২০২০
আবু আলী মোঃ সাজাদ হোসেন

জেলা প্রশাসক
পিরোজপুর
ফোন-০৪৬১-৬২৪০০
e-mail: dcpirojpur@mopa.gov.bd

নম্বর-০৫.১০, ৭৯০০.০০৯, ০৯.০১১.১৮-৪৬৬

তারিখ: ১১ ভাদ্র ১৪২৭
২৬ আগস্ট ২০২০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল

৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল

৪। জেলা প্রশাসক,.....(সকল)

৫। পুলিশ সুপার, পিরোজপুর/ সিভিল সার্জন, পিরোজপুর

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর

৭। মেয়ার/প্রশাসক, পিরোজপুর/স্বরূপকাঠী/মঠবাড়ীয়া/ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর

৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর

৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/ এলজিইডি/গণপূর্ত বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর

১০। উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়ীয়া/ইন্দুরকানী/পিরোজপুর সদর, পিরোজপুর

১১। সহকারী কমিশনার (ভূমি), নাজিরপুর/নেছারাবাদ/কাউখালী/ভান্ডারিয়া/মঠবাড়ীয়া/ইন্দুরকানী/পিরোজপুর সদর, পিরোজপুর

১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পিরোজপুর

১৩। জেলা তথ্য অফিসার, পিরোজপুর (ব্যাপক প্রাচারের জন্য অনুরোধ করা হলো)

১৪। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর (তাঁকে বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পিরোজপুর এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)

১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা (তাঁকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৬। সম্পাদক, দৈনিক ইতেফাক/দি এশিয়ান এজ। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগন্তর পত্রিকার ভিতরের পাতায় ৩ কলামে ৫ ইঞ্জিতে স্বল্প পরিসরে আগমনী ২৮/০৮/২০২০ থি। তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য প্রকাশপূর্বক ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর এর স্থানীয় সরকার শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


২৬/০৮/২০২০
জেলা প্রশাসক
পিরোজপুর